# ৪. দুই সঙ্গী

ছাত্রছাত্রীরা শিক্ষক শিক্ষিকার সাহায্যে গল্প পড়তে শিখবে, গল্পে ব্যবহৃত শব্দের বিপরীত শব্দ খুঁজতে শিখবে এবং গল্পে পড়া শব্দ দিয়ে তারা নিজের মতন বাক্য গঠন করতে শিখবে।

দুই সঙ্গী বেড়াতে বেরিয়েছে। গল্প করতে করতে চলে গেছে একেবারে বনের ধারে। খেয়ালই করেনি। এমন সময় তাদের দিকে ঝাঁপিয়ে এল এক ভালুক। ইয়া মোটাসোটা। বেজায় কালো। একজন তো 'বাবা গো' বলে ছুট লাগাল। কাছেই ছিল একটা লম্বা গাছ। তাতে উঠে পাতার আড়ালে লুকিয়ে রইল। আর একজন দেখল, পালাবার তো সময় নেই! সে করল কী, মাটির ওপর সটান হয়ে শুয়ে, পড়ে রইল মড়ার ভান করে।



ভালুক তো এসে তাকে শুঁকতে লাগল। কেবল শুঁকতে লাগল। আর সে পড়ে রইল নিশ্বাস বন্ধ করে। মুখটুক শুঁকে ভালুক ভাবল লোকটা বেঁচে নেই। সে চলে গেল হেলতে দুলতে বনের মধ্যে।

ভালুক চলে যেতে প্রথম সঙ্গী গাছ থেকে নেমে এল হাসতে হাসতে। জিগগেস করল সঙ্গীকে, 'তা ভালুকটা তোর কানে কানে কী বললে রে? বল তো শুনি?'

দ্বিতীয় সঙ্গী মাটি থেকে উঠে জামাকাপড় থেকে ধুলো ঝেড়ে পরিষ্কার করল। তারপর বলল, 'ভালুকটা কী বলে গেল শুনবি? সে বললে, বিপদের সময় যারা সঙ্গীকে ফেলে পালায় তারা মোটেও ভালো বন্ধু নয়।'

## শব্দের অর্থ

**সঙ্গী**–সাথী, বন্ধু

**ইয়া মোটাসোটা**–খুব মোটা

**সটান হয়ে**–লম্বা হয়ে, টানটান হয়ে

**খেয়ালই করেনি**–কখন চলে গেছে হুঁশ ছিল না

**বেজায় কালো**–খুব বেশি কালো

**ভান**–মিছিমিছি, ছল

# কতটা শেখা হল

**১. প্রশ্নের উত্তর দাও।**

ক) ভালুক এলে প্রথম সঙ্গী কী করল?

খ) ভালুক এলে দ্বিতীয় সঙ্গী কী করল?

গ) দ্বিতীয় সঙ্গীকে শুঁকে ভালুক চলে গেল কেন?

ঘ) গাছ থেকে নেমে প্রথম সঙ্গী দ্বিতীয় সঙ্গীকে কী জিগগেস করল?

ঙ) দ্বিতীয় সঙ্গী প্রথম সঙ্গীর প্রশ্নের উত্তরে কী বলল?

চ) ভালো বন্ধু কাকে বলে?

**২. মূল্যায়ন প্রশ্নাবলি: কোনটা ঠিক? পাশে ✓ চিহ্ন দিয়ে দেখাও।**

| | |
|---|---|
| ক) গল্প করতে করতে দুই সঙ্গী চলে গেল | বনের ধারে / নদীর ধারে |
| খ) বন থেকে বেরিয়ে এল একটা | শেয়াল / ভালুক |
| গ) তার গায়ের রঙ | বেজায় কালো / ধবধবে সাদা |
| ঘ) ভালুক দেখে গাছে উঠে বসল | প্রথম সঙ্গী / দ্বিতীয় সঙ্গী |
| ঙ) ভালুক দেখে মাটিতে শুয়ে পড়ল | প্রথম সঙ্গী / দ্বিতীয় সঙ্গী |
| চ) ভালুক শুঁকতে শুঁকতে দ্বিতীয় বন্ধুর কানে কানে | কথা বলেছে / কথা বলেনি |

**৩. যে অংশটি পড়লে সেখান থেকে ৫টি দুই বর্ণের যুক্তাক্ষর বেছে নিয়ে লেখ।**

**৪. বিপরীত শব্দ লেখ:** ক) কালো খ) মোটা গ) শুয়ে ঘ) বন্ধ ঙ) নেমে

**৫. বাক্য তৈরি কর:** ক) বনের ধারে খ) পাতার আড়ালে গ) জামাকাপড় ঘ) ভালো বন্ধু

ইংরেজিতে একটি কথা আছে, ' A friend in need is a friend indeed' অর্থাৎ দরকারে যাকে কাছে পাওয়া যায় সেই প্রকৃত বন্ধু। তোমার কী মনে হয় গল্পের প্রথম সঙ্গীটি দ্বিতীয় সঙ্গীর সত্যিকারের বন্ধু ? তুমি যদি প্রথম সঙ্গীর জায়গায় থাকতে তাহলে কী করতে ?

১. ক) ভালুক এলে প্রথম সঙ্গী কী করল?

উঃ ভালুক এলে প্রথম সঙ্গী দৌড়ে একটা লম্বা গাছে উঠে পড়ল।

খ) ভালুক এলে দ্বিতীয় সঙ্গী কী করল?

উঃ ভালুক এলে দ্বিতীয় সঙ্গী মাটির ওপর লম্বা হয়ে শুয়ে রইল মড়ার ভান করে।

গ) দ্বিতীয় সঙ্গীকে শুঁকে ভালুক চলে গেল কেন?

উঃ দ্বিতীয় সঙ্গীকে শুঁকে ভালুক চলে গেল কারণ ভালুক ভাবল লোকটা বেঁচে নেই।

ঘ) গাছ থেকে নেমে প্রথম সঙ্গী দ্বিতীয় সঙ্গীকে কী জিজ্ঞেস করল?

উঃ গাছ থেকে নেমে প্রথম সঙ্গী দ্বিতীয় সঙ্গীকে বলল যে, 'ভালুকটা তোর কানে কানে কী বলল?'

ঙ) দ্বিতীয় অহী প্রথম অহীর প্রশ্নের উত্তরে কী বলল?

উ: দ্বিতীয় অহী প্রথম অহীর প্রশ্নের উত্তরে বলল যে 'বিপদের সময় যারা অহীকে ফেলে পালায় তারা মোটেও ভালো বন্ধু নয়'।

চ) ভালো বন্ধু কাকে বলে?

উঃ বিপদের সময় যারা অহীকে ফেলে পালায় না, তারাই হলো ভালো বন্ধু।

: দুই সখী :

ঙ। বাক্য তৈরি কর :

ক) বনের ধারে : গল্প করতে-করতে দুই সখী কখন বনের ধারে চলে গেছে খেয়ালই করেনি।

খ) পাতার আড়ালে : পাখিটি পাতার আড়ালে বসে রয়েছে।

গ) জামাকাপড় : পুজোতে সবাই নতুন জামাকাপড় পড়ে।

ঘ) ভালো বন্ধু : যারা বিপদে পাশে থাকে তারাই ভালো বন্ধু হয়।